

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ১৭, ২০১৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ রেসপেক্টে বোর্ড লিঃ যাহার ব্যবস্থাপনা পরিচালক মোঃ আহসান হাবিব হিরক, এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত ইনকোরপোরেশন নং সি ১১৯০৭৮/১৪। এবং সার্ভিস মার্ক নম্বর ১৮০১৯৫ (ডিপিডিটি, শিল্প মন্ত্রণালয় থেকে রেজিস্ট্রিকৃত)। এর পক্ষে জানানো যাইতেছে যে, এই প্রতিষ্ঠানটি “বাংলাদেশ রেসপেক্টে বোর্ড প্রেসিডেন্সি পরিষদের প্রত্যয়ে) ১৬ কোটি মানুষের প্রতিষ্ঠান” এই শ্লোগানে দেশের লক্ষ লক্ষ আদর্শ নাগরিক, আদর্শ দেশ প্রেমিক, আদর্শ নেতা গড়ার লক্ষ্যে বাংলাদেশের ইউনিয়ন, জেলা, উপজেলা, গ্রামগঞ্জ পর্যায়ে মাননীয় ইউনিয়ন চেয়ারপার্সন/সিভিলম্যান/গ্রাম উপদেষ্টা (১০ ও ৮ বৎসরের জন্য মনোনীত) বিভিন্ন পদমর্যাদার সম্মাননার প্রেরণা দিয়ে সমাজ, রাষ্ট্র ও ব্যক্তির বা জন-সাধারণের মান-সম্মান, মর্যাদা ও মানবিক মূল্যবোধের উন্নয়নে বিভিন্ন প্রকার প্রকাশনা তৈরি ও প্রদান বা বিতরণ, ভাল কাজের মূল্যায়ন সনদ, তৈরি ও প্রদান/বিতরণ, সম্মাননা মেডেল তৈরি/প্রদান/বিতরণ। জাতীয় পতাকা তৈরি ও প্রদান/বিতরণ, সচেতনতা বৃদ্ধির কার্ড তৈরি ও প্রদান করবে শুধুমাত্র সামান্য নামমাত্র মনোনয়ন ফি'র মাধ্যমে যাহা উপকরণের ন্যায্য আর্থিক রূপ এবং ব্যক্তির বদ অভ্যাসজনিত অপচয়কৃত বা অপব্যয়িত অর্থ বাচিয়ে দেশের রাষ্ট্রের ও নিজের জন্য আত্মনিয়োগের প্রাতিষ্ঠানিক রূপ। উল্লেখ্য যে, বাংলাদেশ রেসপেক্টে বোর্ডের আর্থিক বিনিয়োগ সংক্রান্ত (ঋণ আদান প্রদান, কোন প্রকার লোভ দেখানো মুনাফা প্রদান ইত্যাদি) কোন কর্মকাণ্ড ও গ্রাহক নাম কোনকিছু থাকবে না। শুধুমাত্র বার্ষিক একশত টাকা (একশত×(দশ/আট)=.....হারে মেয়াদকালীন সামগ্রিক বৎসরের টাকা এককালীন একবারই মনোনয়ন ফি হিসাবে ধার্য হবে। এর বেশী একটা পয়সাও অতিরিক্ত নেওয়া গ্রহণযোগ্য হইবে না। দেশ আমার, দায়িত্ব আমার, বাংলা আমার অহংকার। সুতরাং এই দায়িত্ববোধ থেকেই বাংলাদেশ রেসপেক্টে বোর্ডের জন্ম/সৃষ্টি একজন সাধারণ ব্যক্তির প্রচেষ্টায়। রাষ্ট্র ও জনসমাজের উন্নয়নে শতাধিক বৎসরের কর্মপরিকল্পনায় বাংলাদেশ

(১৯৫২৯)

মূল্য : টাকা ৪.০০

রেসপেক্টে বোর্ড, বাংলাদেশের ১৬ কোটি মানুষের প্রতিষ্ঠানে পরিণত হবে-অরাজনৈতিক ও অসাম্প্রদায়িকতায় মতাদর্শের ভিত্তিতে। “রাষ্ট্রের জনগণকে বিবেকবান ও সম্মানিত করাই বাংলাদেশ রেসপেক্টে বোর্ডের প্রচেষ্টা” মূল কথা বাংলাদেশ রেসপেক্টে বোর্ড শুধুমাত্র ব্যক্তির সম্মানে ভূষিত হওয়ার ও খাঁটি দেশ প্রেমিক হওয়ার প্রেরণা দিবে। মনোনিত ব্যক্তিবর্গ হবেন বস্তুতঃ পরোপকারী, নিজ উদ্যোগী সমাজসেবি, সমাজ ও রাষ্ট্রে বিভিন্ন ক্ষেত্রের উন্নয়নকারী, স্বেচ্ছাসেবক এবং বাংলাদেশের সকল পরিকল্পিত আধুনিক ভাল কাজে ও সুন্দর স্বচ্ছ ন্যায়নীতির কর্মকাণ্ডের জন বা গণ সভাপতিত্বের বা নেতৃত্বের অংশীদার। প্রধানমন্ত্রীর কার্যালয়, দুর্নীতির দমন কমিশন, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনেক প্রতিনিধিদের সহযোগিতামূলক, পরামর্শমূলক, প্রেরণার জন্য বাংলাদেশ রেসপেক্টে বোর্ড কৃতজ্ঞতা জ্ঞাপন করছে এবং যে সকল সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান, অধিদপ্তর, বাংলাদেশ রেসপেক্টে বোর্ড-কে গঠনমূলক সহযোগিতা করছে- “বাংলাদেশ রেসপেক্টে বোর্ড” তাদের প্রতিও কৃতজ্ঞতা জ্ঞাপন করছে। দেশ নিয়ে গঠনমূলক চিন্তা ভাবনা করা একজন নাগরিকের সাংবিধানিক অধিকার। বাংলাদেশ রেসপেক্টে বোর্ড লিমিটেডের এই মহতী উদ্যোগে এই সাংবিধানিক অধিকারে ও দেশাত্মবোধক কার্যক্রমে কাহারও বা কোন সংস্থার আপত্তি থাকলে ৭ দিনের মধ্যে নিম্নলিখিত ব্যক্তির কাছে লিখিত আকারে আবেদন প্রদান করিতে হইবে। অন্যথায় পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না। আর যদি কেহ বা কোন সংস্থা সহযোগিতামূলক দেশাত্মবোধক/দেশপ্রেম মূলক বাণী/পরামর্শ দিতে চান তাও লিখিত আকারে দিতে পারেন। ভবিষ্যতে বাংলাদেশ রেসপেক্টে বোর্ডের সম্পর্কে কোন অপ-প্রচার রোধে বাংলাদেশের সকল গণমাধ্যমকেও এবং রাষ্ট্রের সকল প্রশাসন বিভাগকেও এবং আইন প্রয়োগকারী সংস্থাকেও, দেশের সকল জন সাধারণকেও বাংলাদেশ রেসপেক্টে বোর্ডের কর্মকাণ্ডের স্বচ্ছতা এই বিজ্ঞপ্তির মাধ্যমে পরিষ্কারভাবে অবহিত করা হল। সংবাদ মাধ্যমের সম্মানিত সকল কর্মীর ও রাষ্ট্রের প্রশাসন বিভাগের, আইন প্রয়োগকারী সংস্থার, ইউনিয়ন/ পৌর এবং উপজেলার জনগণ দ্বারা নির্বাচিত সদস্যের বা ব্যক্তির বা প্রতিনিধির সহযোগিতামূলক পরামর্শ উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে লিখিত আকারে আহ্বান করা হল এবং সবসময় বাংলাদেশ রেসপেক্টে বোর্ডের দেশাত্মবোধক কর্মকাণ্ডের সহযোগিতামূলক আচরণ প্রার্থনা করছে।

নিবেদক

ব্যবস্থাপক পরিচালক

বাংলাদেশ রেসপেক্টে বোর্ড লিঃ এর পক্ষে—

মোঃ বেলাল হোসেন

এ্যাডভোকেট

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

রুম নং-৫০১৮ (এনেক্স)

সুপ্রীম কোর্ট বার ভবন

শাহবাগ, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd